যুগান্তর

তারিখ 21 OCT 2002
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢাবিতে আতংক : হাউজ টিউটররা হলে থাকবেন রাত ১১টা পর্যন্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের মাঝে ছড়িয়ে পড়া সেনা আতংক দূর করতে আবাসিক হলের হাউস টিউটররা রাত ১১টা পর্যন্ত হলে অবস্থান করবেন। সারাদেশে সন্ত্রাস দমনের লক্ষ্যে সেনা অভিযানকালে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে যাতে কোন সন্ত্রাসী এসে আশ্রয় গ্রহণ বা আত্মগোপন করতে না পারে সে লক্ষ্যে কঠোর নজরদারি করবে হল প্রশাসন। গতকাল রাতে উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী কোন আবাসিক হলে অতিথি অবস্থান নিরুৎসাহিত করা হবে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র কিন্তু হলে বৈধ নয়-

ঢাবি : পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

## ঢাবি : আতংক

(৩য় পৃষ্ঠার পর)

তাদের হলে অবস্থানের জন্য হল অফিস থেকে অনুমতি নিতে বলা হয়েছে। আর কোন হলে যদি আকস্মিকভাবে সেনা অভিযান হয় তবে হল প্রশাসনকে সঙ্গে সঙ্গে হস্তক্ষেপ করার জন্য উপাচার্য প্রভোস্টদের নির্দেশ দিয়েছেন।